গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর
http://kamalnagar.lakshmipur.gov.bd

## "১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দে যাত্রী ছাউনি ইজারা দরপত্র বিজ্ঞপ্তি-২০২২"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমলনগর উপজেলার যাত্রী ছাউনীসমূহ ১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ, ১৪২৯ হতে ৩০ শে চৈত্র, ১৪৩১ পর্যন্ত ০৩ (তিন) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল/দরপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বর্ণিত স্থানসমূহে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) সিডিউল/দরপত্র সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল/দরপত্র ফরম বিক্রয় করা হবে না। নিম্নলিখিত যাত্রী ছাউনীসমূহ ক্যালেন্ডার মোতাবেক ১ম পর্যায়ে যে সকল যাত্রী ছাউনী দরপত্র গৃহীত হবে না, শুধুমাত্র সে সকল যাত্রী ছাউনির দরপত্র দ্বিতীয় পর্যায়ে গ্রহণ করা হবে। একই নিয়মে ৩য় পর্যায় পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত তথ্য/শর্ত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। ১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দের যাত্রী ছাউনী ইজারা দরপত্র বিজ্ঞপ্তি-২০২২ নিম্নরূপ ক্যালেন্ডার মোতাবেক কার্যকর হবে।

### ১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দে ইজারাযোগ্য যাত্রী ছাউনীসমূহের ক্যালেন্ডার

| ক্র: নং | যাত্রী ছাউনীর নাম | যে ইউনিয়নে অবস্থিত | বিগত ৩ বছরের গড় মূল্য | ৬% বর্ধিত ১৪২৯ হতে ১৪৩১ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | হাজিরহাট বাজার যাত্রী ছাউনী, হাজিরহাট | হাজিরহাট | ৫৭,৭০০.০০ | ৬১,১৬২.০০ | ৫০০.০০ |
| ২. | করুণানগর বাজার যাত্রী ছাউনী, করুণানগর | হাজিরহাট | ২৪,৫৬৭.০০ | ২৬,০৪২.০০ | ৫০০.০০ |

### সিডিউল/দরপত্র গ্রহণ ও খোলা সংক্রান্ত সময়সূচি :

| সিডিউল/দরপত্র গ্রহণের পর্যায় | সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | সিডিউল/দরপত্র খোলার তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম পর্যায় | ০৭-০৩-২০২২ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ০৮-০৩-২০২২ তারিখ দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত | ০৮-০৩-২০২২ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, পুলিশ সুপারের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কমলনগর, সোনালী ব্যাংক লি:, কমলনগর শাখা এবং কমলনগর থানা, কমলনগর, লক্ষ্মীপুর। |
| ২য় পর্যায় | ১৫-০৩-২০২২ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ১৬-০৩-২০২২ তারিখ দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত | ১৬-০৩-২০২২ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকা | |
| ৩য় পর্যায় | ২৭-০৩-২০২২ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ২৮-০৩-২০২২ তারিখ দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত | ২৮-০৩-২০২২ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকা | |

### যাত্রী ছাউনী ইজারার শর্তাবলী :

১. ১৪২৯ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ১৪৩১ বঙ্গাব্দের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদকালের জন্য যাত্রী ছাউনি ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত যাত্রী ছাউনি নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর (কোড নং-১/১১৪১/০০০০/০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নং-১/১১৩৩/০০০০/০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট যাত্রী ছাউনীর পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয়, তা হলে ক্রমাগতভাবে পরবর্তী ধার্য তারিখে দরপত্র ক্রয়/দাখিল করা যাবে। সে ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার জামানত/সিডিআর ফেরত দেওয়া হবে না। ২য়/৩য় বার (প্রযোজ্য হলে) দরদাতা দরপত্র দাখিল করতে চাইলে অতিরিক্ত দরের নির্ধারিত সিডিআর দাখিল করতে হবে। একই ভাবে দ্বিতীয়/তৃতীয় বার (প্রযোজ্য হলে) দাখিলকৃত প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয়, তাহলে ইজারা প্রদানের কার্যক্রম সরকারি ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। উল্লেখ্য সরকারি মূল্য পাওয়া গেলে পরবর্তী দরপত্রের সকল কার্যক্রম স্থগিত থাকবে।

চলমান পাতা-০২

৫. এক যাত্রী ছাউনির জন্য ক্রয়কৃত দরপত্র অন্য যাত্রী ছাউনীর জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত যাত্রী ছাউনির দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, পূর্ণ ঠিকানা ও যাত্রী ছাউনির নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. প্রত্যেক যাত্রী ছাউনির জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারাদার কোনক্রমেই যাত্রী ছাউনি অন্যের নিকট সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১০. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ/একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১১. ইজারাদার নিজ খরচে যাত্রী ছাউনি পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১২. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক যাত্রী ছাউনি ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের জন্য হারাহারিভাবে ইজারার অর্থ কর্তণপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৫. যাত্রী ছাউনি ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. এ ছাড়াও সরকারি যাত্রী ছাউনি সমূহের ব্যবস্থাপনা নীতিমালা এবং যাত্রী ছাউনী ইজারার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত সকল বিধিবিধান কার্যকর হবে।

১৩/২/২০২২

( মোঃ কামরুজ্জামান )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা যাত্রী ছাউনী ব্যবস্থাপনা কমিটি
কমলনগর, লক্ষ্মীপুর

স্মারক নং-০৫.৪২.৫১৩৩.০০০.০৩.০১০.২২-

তারিখ: ৩০ মাঘ, ১৪২৮
১৩ ফেব্রুয়ারি, ২০২২

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
৫. সহকারী কমিশনার (ভূমি), কমলনগর, লক্ষ্মীপুর। [তাঁকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৬. উপজেলা .......................... কর্মকর্তা (সকল), কমলনগর। [তাঁকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৭. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কমলনগর। [তাঁকে নোটিশবোর্ডে প্রদর্শন ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ............................. কলেজ/ মা:বি:/ মাদ্রাসা, কমলনগর, লক্ষ্মীপুর।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ...................................................... ইউনিয়ন ভূমি অফিস, কমলনগর, লক্ষ্মীপুর। তিনি বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে দিয়ে ব্যাপক প্রচারসহ ক্যালেন্ডারভুক্ত কোন বাজার ইজারা না হওয়া পর্যন্ত খাস আদায়ের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. ১৪২৬ হতে ১৪২৮ বঙ্গাব্দের ইজারাদার, ........................................................................ যাত্রী ছাউনি, কমলনগর, লক্ষ্মীপুর।
১১. উপজেলা টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর। [বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
১২. অফিস কপি। [অত্রাফিস নোটিশ বোর্ড]

১৩/২/২০২২

( মোঃ কামরুজ্জামান )
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর